

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।  
www.wewb.gov.bd

বিষয়: ০৩ জানুয়ারী, ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তারিখ : ০৩ জানুয়ারী, ২০২২  
সময় : ১০.৩০ টা  
স্থান : ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র/ম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.০	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত।	ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। পরিচালক (আইআরপি) জানান যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টারের সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। দ্বিতীয় কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে একটি কর্মশালা/সভা গত ২০-১২-২০২১ তারিখে করা হয়েছে। তাছাড়াও দ্বিতীয় কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, দুর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক কর্মশালা/সভা করার কথা ছিল তা যথা সময়ে অর্থাৎ ১৯-১২-২০২১ ও ৩০-১২-২০২১ তারিখে সম্পন্ন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী পরবর্তী কোয়ার্টারের সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভাপতি বোর্ডের কর্মপরিবেশ উন্নয়ন, সুন্দর ও সুশৃঙ্খল রাখা এবং সবাইকে সততার সহিত কাজ করার ও দুর্নীতি প্রতিরোধে সচেনতা বৃদ্ধির নির্দেশনা দেন।	১.০ দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২.০ কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীকে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে প্রশিক্ষণ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩.০ অফিসের কর্মপরিবেশ সুন্দর ও সুশৃঙ্খল বজায় রাখার স্বার্থে আগত সেবা গ্রহীতাদেকে একটি নির্দিষ্ট কক্ষে বসিয়ে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪.০ কর্মকর্তা/কর্মচারীদেরকে দুর্নীতির বিষয়ে সচেতনতা থাকার জন্য পরিকল্পনা অনুযায়ী কর্মশালা/সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ও  
সভাপতি  
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি